

পানি সমতল সম্পর্কিত বিশেষ প্রতিবেদন

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে স্বাগতম। আজ রবিবার ১০ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৪ জুন ২০১৮খৃঃ পর্যবেক্ষণাধীন ৯৪ টি স্টেশনের মধ্যে সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী উল্লিখিত স্টেশনসমূহ বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে-

পানি সমতল স্টেশন	নদীর নাম	বিপদসীমার উপরে (সে.মি.)
কানাইঘাট	সুরমা	+৫৮
অমলশীদ	কুশিয়ারা	+১৯
শেওলা	কুশিয়ারা	+২৭
শেরপুর-সিলেট	কুশিয়ারা	+২০
দিরাই	পুরাতন সুরমা	+৩৬

- ব্রহ্মপুত্র-যমুনা এবং গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে সুরমা এবং কুশিয়ারা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- আগামী ২৪ ঘণ্টায় যমুনা এবং গঙ্গা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে।
- বাংলাদেশ এবং ভারতের আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন ভারতীয় অঞ্চলসমূহে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- বাংলাদেশের উত্তরাঞ্চলের ব্রহ্মপুত্র, তিস্তা, ধরলা, ঘাঘট নদীসমূহের পানি সমতল আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় বৃদ্ধি পেতে পারে।
- উত্তর-পূর্বাঞ্চলের সুরমা এবং কুশিয়ারা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি আগামী ২৪ ঘণ্টায় অব্যাহত থাকতে পারে এবং সিলেট জেলার বিদ্যমান বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

খন্যবাদ।